করোনা আক্রান্ত আফ্রিদি, কোয়ারেন্টাইনে পরিবার

করোনাভাইরাসের বিরুদ্ধে লড়াইয়ে ঝুঁকি নিয়েই ময়দানে নেমেছিলেন তিনি। বেশ ক’দিন ধরেই ঘরবন্দি পাকিস্তানের বিভিন্ন অসহায় মানুষের পাশে দাঁড়িয়েছিলেন পাকিস্তানের সাবেক তারকা ক্রিকেটার শহীদ আফ্রিদি। কিন্তু পাকিস্তান তো বটেই, গোটা বিশ্বের ক্রিকেটপ্রেমীদের জন্য দুশ্চিন্তার খবর। শহীদ আফ্রিদি নিজেই এখন করোনা আক্রান্ত। তাঁর লালারসের পরীক্ষার রিপোর্ট পজিটিভ এসেছে শনিবার। এরপর থেকে আইসোলেশনে রয়েছেন আফ্রিদি এবং কোয়ারেন্টাইনে রয়েছে তার পরিবার।

ফ্যানদের কাছে তার আবেদন, ‘আমি যেন দ্রুত সুস্থ হয়ে উঠি, সেই প্রার্থনাই আপনারা সবাই করুন।’

করোনা মোকাবিলায় প্রায় পুরো বিশ্বেই এতদিন চলেছে লকডাউন। এখন লকডাউন উঠলেও কোভিড পরিস্থিতির কোনও উন্নতি নেই ভারত-পাকিস্তানের মতো অনেক দেশেই। এই পরিস্থিতিতে যাঁদের রুটি-রুজি সঙ্কটে পড়ে গিয়েছে, তাদের পাশে অনেক দিন আগেই দাঁড়িয়েছেন আফ্রিদি। নিজের ফাউন্ডেশনের মাধ্যমে আফ্রিদি সাহায্যের হাত বাড়িয়ে দিয়েছেন তাদের দিকে। যা দেখে টুইটারে এর আগে প্রশংসাও করেন হরভজন সিং। সেই আফ্রিদির কোভিড পজিটিভের খবর পেয়ে স্বভাবতই ভেঙে পড়েছেন তার ফ্যানরা। সুত্র-বাংলাদেশ প্রতিদিন

গাংনীতে করোনা উপসর্গ নিয়ে গৃহবধুর মৃত্যু, নমুনা সংগ্রহ

মেহেরপুরের গাংনীতে করোনা উপসর্গ নিয়ে রশিদা বেগম (৬০) নামের এক গৃহবধুর মৃত্যু হয়েছে। শনিবার দুপুর ১টায় উপজেলার কাথুলী ইউপির গাড়াবাড়িয়া গ্রামের তার নিজ বাড়িতে মৃত্যু হয়।

সে ঐ গ্রামের মৃত আক্কাস আলীর স্ত্রী। গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স’র আবাসিক মেডিকেল অফিসার ডা: সাদিয়া সুলতানা জানান,করোনা উপসর্গ নিয়ে রশিদা বেগমের মৃত্যু হয়েছে এমন সন্দেহে উর্দ্ধত্বন কর্তৃপক্ষের নির্দেশে নমুনা সংগ্রহ করা হয়েছে। নমুনা পরীক্ষার ফলাফল হাতে না পাওয়া পর্যন্ত এখনই নিশ্চিত করে কিছু বলা সম্ভব হচ্ছেনা।

নমুনা পরীক্ষার ফলাফল পাওয়ার পর করোনায় তার মৃত্যু হয়েছে কিনা নিশ্চিত হওয়া যাবে। রশিদা বেগমের আতœ◌ীয় ইয়ারুল ইসলাম জানান,তার চাচী ঢাকাতে মেয়ের কাছে থাকে গত বুধবার বাড়িতে এসেছে। দীর্ঘদিন যাবৎ তিনি শারীরিক ভাবে অসুস্থ ছিলেন। করোনায় নয় তার স্বাভাবিক মৃত্যু হয়েছে। স্থানীয়রা জানান,রশিদা বেগমের মেয়ে নাজমা খাতুন পুলিশ বিভাগে চাকুরী করলে বর্তমানে র্যাবে কর্মরত রয়েছে। কিছুদিন যাবৎ সে তার মেয়ের বাড়ি ঢাকা মিরপুর ২ এলাকায় বসবাস করতো।

তারা যে বাড়িতে বসবাস করতো সেই বাড়ির নীচের ফ্লাটে কয়েকজন করোনায় আক্রান্ত রুগী ছিলো। গাংনী উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যান কর্মকর্তা ডা: রিয়াজুল আলম জানান, রশিদা বেগমের দাফন কিভাবে হবে এটা প্রশাসন সিদ্ধান্ত নেবে।

তবে স্বাস্থ্য বিভাগের কাজ নমুনা সংগ্রহ করা সেটি তারা করেছেন। গাংনী উপজেলা নির্বাহী অফিসার সেলিম শাহনেওয়াজ বলেন এ বিষয়ে তিনি কিছু জানে না। সাংবাদিকের কাছে তিনি উল্টো জানতে চান মৃত ব্যক্তির নমুনা পরীক্ষার ফলাফল এসেছে কিনা। নমুনা পরীক্ষার ফলাফল এসেছে কিনা এটা হাসপাতাল কর্তৃপক্ষ বলতে পারবে জানালে তিনি বলেন আচ্ছা দেখছি।

করোনা আক্রান্তের সংখ্যায় চীনকে ছাড়াল বাংলাদেশ

গত বছরের ডিসেম্বরের শেষদিকে করোনাভাইরাস মহামারী শুরু হয়েছিল চীন থেকে। সেই দেশটি একে একে ১৮টি দেশের পেছনে পড়ে গেল। এবার আক্রান্তের সংখ্যায় তাদের পেছনে ফেলল বাংলাদেশও।

গত ২৪ ঘণ্টায় দেশে ২ হাজার ৮৫৬ জনের করোনা শনাক্ত হয়েছে। তাতে মোট আক্রান্তের সংখ্যা বেড়ে হলো ৮৪ হাজার ৩৭৯ জন।

চীনে মোট কোভিড-১৯ রোগী পাওয়া গেছিল ৮৪ হাজার ১৯১ জন।

করোনাভাইরাসে আক্রান্ত হয়ে দেশে গত ২৪ ঘণ্টায় আরও ৪৪ জনের মৃত্যু হয়েছে। এ নিয়ে দেশে মোট ১ হাজার ১৩৯ জন কোভিড রোগী মারা গেলেন।

গত ২৪ ঘণ্টায় সুস্থ হয়েছেন ৫৭৮ জন এবং মোট সুস্থ হয়েছেন ১৭ হাজার ৮২৭ জন।

শনিবার স্বাস্থ্য অধিদফতরের অতিরিক্ত মহাপরিচালক নাসিমা সুলতানা নিয়মিত ব্রিফিংয়ে জানান, গত ২৪ ঘণ্টায় ১৪ হাজার ৩৫টি নমুনা সংগ্রহ করা হয়েছে। এর মধ্যে পূর্বের নমুনাসহ ১৬ হাজার ৬৩৮টি নমুনা পরীক্ষা করে ২ হাজার ৮৫৬ জনের দেহে করোনা শনাক্ত হয়েছে। মোট আক্রান্ত ৮৪ হাজার ৩৭৯ জন। শনাক্তের হার ১৭ দশমিক ১৭ শতাংশ।

তিনি জানান, গত ২৪ ঘণ্টায় সর্বোচ্চ ৪৪ জন মারা গেছেন। এর মধ্যে পুরুষ ৩৩ জন ও নারী ১১ জন। এ নিয়ে মোট মারা গেলেন ১ হাজার ১৩৯জন।

গত ২৪ ঘণ্টায় সুস্থ হয়েছেন ৫৭৮ জন এবং মোট সুস্থ হয়েছেন ১৭ হাজার ৮২৭ জন।

শনাক্ত বিবেচনায় সুস্থতার হার ২১ দশমিক ১৩ শতাংশ এবং মৃত্যুর হার ১ দশমিক ৩৫ শতাংশ।

ডা. নাসিমা জানান, বয়স বিশ্লেষণে ২১-৩০ বছরের মধ্যে একজন, ৩১-৪০ বছরের মধ্যে ৬ জন, ৪১-৫০ বছরের মধ্যে ৫ জন, ৫১-৬০ বছরের মধ্যে ১১ জন, ৬১-৭০ বছরের মধ্যে ১১ জন, ৭১-৮০ বছরের মধ্যে ৭ জন, ৮১-৯০ বছরের মধ্যে ৩ জন মারা গেছেন।

তিনি আরও জানান, বিভাগভিত্তিক বিশ্লেষণে দেখা গেছে, ঢাকা বিভাগে ১৯ জন, চট্টগ্রামে ১৩ জন, সিলেটে ২ জন, রাজশাহীতে ৪ জন, বরিশালে ৪ জন, রংপুরে একজন ও খুলনায় একজন মৃত্যুবরণ করেছেন। এর মধ্যে হাসপাতালে২৭ ও বাসায় ১৪ জন মারা গেছেন। আর হাসপাতালে মৃত অবস্থায় এসেছেন ৩ জন।

প্রসঙ্গত গত বছরের ৩১ ডিসেম্বর চীনের হুবেই প্রদেশের উহান শহর

থেকে প্রথম করোনাভাইরাস শনাক্ত হয়। দেশে প্রথম কোভিড-১৯ রোগীশনাক্ত হন ৮ মার্চ এবং এ রোগে আক্রান্ত প্রথম রোগীর মৃত্যু হয় ১৮ মার্চ।

২৫ মার্চ প্রথমবারের মতো রোগতত্ত্ব, রোগনিয়ন্ত্রণ ও গবেষণা ইনস্টিটিউট (আইইডিসিআর) জানায়, বাংলাদেশে সীমিত পরিসরে কমিউনিটি ট্রান্সমিশন বা সামাজিকভাবে করোনাভাইরাসের সংক্রমণ হচ্ছে। সূত্র-যুগান্তর

একদিনে করোনা কেড়ে নিল আরও ৪৪ প্রাণ, শনাক্ত ২৮৫৬

করোনাভাইরাসে আক্রান্ত হয়ে দেশে গত ২৪ ঘণ্টায় আরও ৪৪ জনের মৃত্যু হয়েছে। এ নিয়ে দেশে মোট ১ হাজার ১৩৯ জন কোভিড রোগী মারা গেলেন।

এই সময়ে ২ হাজার ৮৫৬ জন শনাক্ত হয়েছেন। এ নিয়ে দেশে মোট শনাক্ত হলেন ৮৪ হাজার ৩৭৯ জন।

গত ২৪ ঘণ্টায় সুস্থ হয়েছেন ৫৭৮ জন এবং মোট সুস্থ হয়েছেন ১৭ হাজার ৮২৭ জন।

শনিবার স্বাস্থ্য অধিদফতরের অতিরিক্ত মহাপরিচালক নাসিমা সুলতানা নিয়মিত ব্রিফিংয়ে জানান, গত ২৪ ঘণ্টায় ১৪ হাজার ৩৫টি নমুনা সংগ্রহ করা হয়েছে। এর মধ্যে পূর্বের নমুনাসহ ১৬ হাজার ৬৩৮টি নমুনা পরীক্ষা করে করে ২ হাজার ৮৫৬ জনের দেহে করোনা শনাক্ত হয়েছে। মোট আক্রান্ত ৮৪ হাজার ৩৭৯ জন। শনাক্তের হার ১৭ দশমিক ১৭ শতাংশ।

তিনি জানান, গত ২৪ ঘণ্টায় সর্বোচ্চ ৪৪ জন মারা গেছেন। এর মধ্যে পুরুষ ৩৩ জন ও নারী ১১ জন। এ নিয়ে মোট মারা গেলেন ১ হাজার ১৩৯জন।

গত ২৪ ঘণ্টায় সুস্থ হয়েছেন ৫৭৮ জন এবং মোট সুস্থ হয়েছেন ১৭

হাজার ৮২৭ জন।

শনাক্ত বিবেচনায় সুস্থতার হার ২১ দশমিক ১৩ শতাংশ এবং মৃত্যুর হার ১ দশমিক ৩৫ শতাংশ।

ডা. নাসিমা জানান, বয়স বিশ্লেষণে ২১-৩০ বছরের মধ্যে একজন, ৩১-৪০ বছরের মধ্যে ৬ জন, ৪১-৫০ বছরের মধ্যে ৫ জন, ৫১-৬০ বছরের মধ্যে ১১ জন, ৬১-৭০ বছরের মধ্যে ১১ জন, ৭১-৮০ বছরের মধ্যে ৭ জন, ৮১-৯০ বছরের মধ্যে ৩ জন মারা গেছেন।

তিনি আরও জানান, বিভাগভিত্তিক বিশ্লেষণে দেখা গেছে, ঢাকা বিভাগে ১৯ জন, চট্টগ্রামে ১৩ জন, সিলেটে ২ জন, রাজশাহীতে ৪ জন, বরিশালে ৪ জন, রংপুরে একজন ও খুলনায় একজন মৃত্যুবরণ করেছেন। এর মধ্যে হাসপাতালে মারা গেছেন ২৭ ও বাসায় ১৪ জন মারা গেছেন। আর হাসপাতালে মৃত অবস্থায় এসেছে ৩ জন।

প্রসঙ্গত গত বছরের ৩১ ডিসেম্বর চীনের হুবেই প্রদেশের উহান শহর থেকে প্রথম করোনাভাইরাস শনাক্ত হয়। দেশে প্রথম কোভিড-১৯ রোগীশনাক্ত হন ৮ মার্চ এবং এ রোগে আক্রান্ত প্রথম রোগীর মৃত্যু হয় ১৮ মার্চ।

২৫ মার্চ প্রথমবারের মতো রোগতত্ত্ব, রোগনিয়ন্ত্রণ ও গবেষণা ইনস্টিটিউট (আইইডিসিআর) জানায়, বাংলাদেশে সীমিত পরিসরে কমিউনিটি ট্রান্সমিশন বা সামাজিকভাবে করোনাভাইরাসের সংক্রমণ হচ্ছে। সূত্র-যুগান্তর

চলে গেলেন সাবেক স্বাস্থ্যমন্ত্রী নাসিম

আওয়ামী লীগের প্রেসিডিয়াম সদস্য, কেন্দ্রীয় ১৪ দলের মুখপাত্র ও সাবেক স্বাস্থ্যমন্ত্রী মোহাম্মদ নাসিম আর নেই। তার ছেলে তানভীর শাকিল জয় এ তথ্যের সত্যতা নিশ্চিত করেছেন। আজ শনিবার সকালে চিকিৎসাধীন অবস্থায় মোহাম্মদ নাসিম শেষ নিঃশ্বাস ত্যাগ করেন

(ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)। মৃত্যুকালে তার বয়স হয়েছিল ৭২ বছর।

গত ১ জুন জ্বর-কাশিসহ করোনাভাইরাসের লক্ষণ নিয়ে ঢাকার হাসপাতালে ভর্তি হন মোহাম্মদ নাসিম। রাতে করোনা পরীক্ষার ফল পজেটিভ আসে।শুক্রবার ভোর সাড়ে ৫টায় মোহাম্মদ নাসিমের ব্রেন স্ট্রোক হয়। হাসপাতালের নিউরোসার্জন অধ্যাপক রাজিউল হকের নেতৃত্বে কয়েক ঘণ্টায় তার অস্ত্রোপচার সফল হয়। স্ট্রোকের পর থেকেই তিনি অচেতন অবস্থায় ভেন্টিলেশন সাপোর্টে ছিলেন।

মোহাম্মদ নাসিম স্ত্রী, তিন ছেলে ও নাতি-নাতনিসহ অসংখ্য গুণগ্রাহী রেখে গেছেন। আজ সকালে তার মৃত্যুর খবর শুনে হাসপাতালে ছুটে যান দীর্ঘদিনের রাজনৈতিক সহকর্মীসহ আওয়ামী লীগ, যুবলীগ, ছাত্রলীগ, স্বেচ্ছাসেবক লীগসহ বিভিন্ন দলের নেতা-কর্মীরা।

১৯৭৫ সালের ৩ নভেম্বর কারাগারে নিহত জাতীয় চার নেতার একজন শহীদ এম মনসুর আলীর ছেলে মোহাম্মদ নাসিম পঞ্চমবারের মতো সংসদে সিরাজগঞ্জের মানুষের প্রতিনিধিত্ব করেছেন। আওয়ামী লীগ ১৯৯৬ সালে সরকার গঠন করার পর ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রণালয়ের দায়িত্ব পান মোহাম্মদ নাসিম। পরের বছর মার্চে গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়ের দায়িত্বও তাকে দেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা।

নাসিম এক সঙ্গে দুই মন্ত্রণালয়ের মন্ত্রীর দায়িত্ব পালন করেন ১৯৯৯ সালের ১০ মার্চ পর্যন্ত। পরে মন্ত্রিসভায় রদবদলে তিনি স্বরাষ্ট্রমন্ত্রীর দায়িত্ব পান। ২০০৮ সালে নির্বাচনে জয়ী হয়ে আওয়ামী লীগ ক্ষমতায় ফিরলেও সেবার মন্ত্রিসভায় জায়গা হয়নি নাসিমের। তবে পরের মেয়াদে ২০১৪ সালে তাকে স্বাস্থ্যমন্ত্রী করেন শেখ হাসিনা। বর্তমান সরকারের মন্ত্রিসভায় না থাকলেও দলীয় কর্মকাণ্ডের পাশাপাশি আওয়ামী লীগ নেতৃত্বাধীন ১৪ দলীয় জোটের মুখপাত্রের দায়িত্ব পালন করেছেন মোহাম্মদ নাসিম।

সূত্র- বিডি প্রতিদিন

যে কারণে ইউরোপে আবারও ভয়ঙ্কর হয়ে উঠতে পারে করোনাভাইরাস!

প্রাণঘাতী করোনাভাইরাসে বিপর্যস্ত গোটা বিশ্ব। এই ভাইরাসের বিষাক্ত ছোবলে ইতোমধ্যে দিশেহারা বিশ্ববাসী। এর তাণ্ডবে ধ্বংসযজ্ঞে পরিণত হয়েছে আমেরিকা ও ইউরোপের দেশ ব্রিটেন, ইতালি, স্পেন ও ফ্রান্স। বর্তমানে ভাইরাসটি ভয়ঙ্কর রূপ নিয়ে প্রলয়ঙ্করী তাণ্ডব চালাচ্ছে লাতিন আমেরিকার দেশ ব্রাজিলে।

তবে বর্তমানে ইউরোপের দেশ ইতালি, স্পেন, ফ্রান্স ও জার্মানিতে মোটামুটি নিয়ন্ত্রণে এসেছে করোনাভাইরাস প্রকোপ।

তবে যুক্তরাষ্ট্রে পুলিশ হেফাজতে কৃষ্ণাঙ্গ যুবক জর্জ ফ্লয়েডকে হত্যার জেরে ইউরোপের অনেক দেশেও চলছে প্রতিবাদ-বিক্ষোভ। এসব গণসমাবেশের কারণে আগামী কয়েক সপ্তাহের মধ্যে এই অঞ্চলে করোনাভাইরাস মহামারী দ্বিতীয় ধাপে প্রকট হয়ে উঠতে পারে বলে উদ্বেগ প্রকাশ করেছেন ইউরোপীয় ইউনিয়নের শীর্ষ পর্যায়ের স্বাস্থ্য বিশেষজ্ঞরা।
ইউরোপের বড় বড় শহরগুলোতে যখন বিশাল জনসমাবেশ করে বর্ণবাদ বিরোধী বিক্ষোভ চলছে তখনই করোনাভাইরাস পরিস্থিতি নিয়ে এমন উদ্বেগের পূর্বাভাস আসলো।

এমনকি বিশেষজ্ঞরা বলছেন, দুই সপ্তাহের মধ্যেই দ্বিতীয় ধাপের করোনাভাইরাস মহামারি শুরু হতে পারে।

গত ২৫ মে যুক্তরাষ্ট্রের মিনেপোলিসে এক শ্বেতাঙ্গ পুলিশ অফিসার গলায় হাঁটু চাপা দিয়ে নৃসংশভাবে হত্যা করে কৃষ্ণাঙ্গ যুবক জর্জ ফ্লয়েডকে। মৃত্যুর সময় তার কথা ছিল- “আই কান্ট ব্রিথ”। সামাজিক যোগাযোগমাধ্যমে নৃশংস হত্যাকাণ্ডের ভিডিওটি ছড়িয়ে পড়ার এই স্লোগানে বিশ্বজুড়ে চলছে বর্ণবাদ বিরোধী আন্দোলন।

আর এই আন্দোলন করোনাভাইরাস থেকে মুক্তির পথে থাকা ইউরোপীয় দেশগুলোর জন্য কাল হতে পারে বলে ইউরোপের স্বাস্থ্য বিশেষজ্ঞ ও রাজনীতিকেরা।

‘ইউরোপিয়ান সোসাইটি অব ইনটেনসিভ কেয়ার মেডিসিন’ এর প্রধান জোজেফ কেসেসিওগ্লু বৃহস্পতিবার এক সংবাদ সম্মেলনে বলেন,

“প্রত্যেককেই যখন একে অপরের কাছ থেকে দেড় মিটার দূরে থাকতে বলা হচ্ছে, ঠিক তখনই প্রত্যেকে একে অপরের পাশাপাশি অবস্থান করছে; একে অপরকে স্পর্শ করছে- এটা মোটেও ভালো ব্যাপার নয়।”

এর ফলে আগামী দু’সপ্তাহের মধ্যে করোনাভাইরাস সংক্রমণ বেড়ে যেতে পারে কি-না এমন প্রশ্নের জবাবে তিনি বলেন, “হ্যাঁ, তবে আশা করব আমার এ কথা যেন ভুল প্রমাণিত হয়।”

২৭ সদস্য দেশের ইউরোপিয়ান ইউনিয়নের অধিকাংশ দেশই এরই মধ্যে করোনাভাইরাস মহামারির সর্বোচ্চ মাত্রা পার করে আসার পথে। এর মধ্যে যুক্তরাজ্যে আক্রান্ত ও মৃত্যুর সংখ্যা সর্বাধিক।

আক্রান্তের বৈশ্বিক তালিকায় চতুর্থস্থানে আছে যুক্তরাজ্য, ২ লাখ ৯২ হাজার। এরপর আছে ইতালি, ২ লাখ ৩৫ হাজার; এরপর যথাক্রমে আছে ফ্রান্স (১ লাখ ৯২ হাজার) ও জার্মানি (১ লাখ ৮৫ হাজার)।

বিজ্ঞানীরা আগেই পূর্বাভাস দিয়েছেন যে, ইউরোপে করোনাভাইরাসের দ্বিতীয় ধাপের সংক্রমণ শুরু হতে পারে গ্রীষ্ম শেষে। কিন্তু বিক্ষোভের কারণে ব্যাপক জনসমাবেশের কারণে তা আরও আগেভাগে শুরু হতে পারে বলে ধারণা করা হচ্ছে।

ইইউ’র স্বাস্থ্য কর্মকর্তা মার্টিন সেশিল বলেন, “শ্বাস প্রশ্বাস জনিত যেকোনো রোগ ছড়ানোর অন্যতম উপায় হলো জনসমাগম।”

এ ব্যাপারে ব্রিটিশ স্বাস্থ্যমন্ত্রী ম্যাট হ্যানকক বলেছেন, “ছয়জনের বেশি মানুষের জমায়েতে লোকজনের অংশ নেওয়া উচিত নয়। সেটি যদি বিক্ষোভও হয় তাতেও না।” সূত্র-যুগান্তর

করোনা আক্রান্তে বিশ্বের চতুর্থ ভারত

ভারতে গত ২৪ ঘণ্টায় প্রথমবারের মতো প্রায় ১১ হাজার লোক করোনায় আক্রান্ত হয়েছেন। এ নিয়ে সেখানে নতুন ভাইরাসটিতে আক্রান্তের সংখ্যা বেড়ে দাঁড়াল দুই লাখ ৯৭ হাজার ৫৩৫ জনে।

এভাবে আক্রান্তের সংখ্যায় যুক্তরাজ্যকে ছাড়িয়ে গেলে দক্ষিণ এশিয়ার দেশটি।

বৈশ্বিক মহামারীতে সংক্রমণের দিক থেকে বিশ্বের চতুর্থ স্থানে চলে এসেছে ভারত। যুক্তরাষ্ট্র, ব্রাজিল ও রাশিয়ার পরেই ভারতের অবস্থান।

এনডিটিভি খবর বলছে, ভারতে গত একদিনে ১০ হাজার ৯৫৬ জনের শরীরে ভাইরাসটি সংক্রমিত হয়েছে।

ভারতে মৃত্যুর সংখ্যাও বাড়ছে। গত ২৪ ঘণ্টায় সেখানে ৩৯৬ জন করোনায় মৃত্যুবরণ করেছেন। দেশটিতে এখন বৈশ্বিক মহামারীতে মৃতের সংখ্যা বেড়ে আট হাজার ৪৯৮ জনে পৌঁছেছে।

তালিকার তৃতীয় স্থানে থাকা রাশিয়াতে জ্ঞাত কোভিড-১৯ রোগীর সংখ্যা ৫ লাখ এক হাজার ৮০০ জনে দাঁড়িয়েছে।

মে মাসের ২৪ তারিখ ভারত আক্রান্তের সংখ্যায় বিশ্বের দেশগুলোর মধ্যে দশম স্থানে ছিল। পরের ১৮ দিনেই দেশটি চতুর্থ স্থানে উঠে এলো।

জানুয়ারির ৩০ তারিখ কেরালায় প্রথম রোগী শনাক্ত হলেও সংক্রমণ প্রতিরোধে ভারত মার্চের শেষ সপ্তাহেই দেশজুড়ে লকডাউন দিয়েছিল।

সেসময় দেশটিতে নতুন করোনাভাইরাসে মোট আক্রান্তের সংখ্যা ছিল ৫০০র সামান্য বেশি; মৃত্যু হয়েছিল ১০ জনের।

আর সর্বশেষ সাতদিনে দেশটিতে প্রতিদিন ৯ হাজারের বেশি আক্রান্ত শনাক্ত হয়েছে।

ভারতে কোভিড-১৯ এ মোট মৃত্যুর প্রায় অর্ধেকই হয়েছে মহারাষ্ট্রে; পশ্চিমাঞ্চলীয় এ রাজ্যটিতে আক্রান্তের সংখ্যাও এক লাখের কাছাকাছি পৌঁছে গেছে।

এদিকে নয়াদিল্লির প্রধান জামে মসজিদ মুসল্লিদের নামাজ আদায়ে অল্প কয়েক দিনের জন্য খুলে দিলেও সেটি আবার বন্ধ করে দেয়া হয়েছে।

মসজিদটির ব্যবস্থাপনা কমিটি বলছে, ভাইরাস বিস্তারের আশঙ্কা থেকেই এমন সিদ্ধান্ত নেয়া হয়েছে।

ধর্মীয় সমাবেশে জমায়েত হওয়ার বিধিনিষেধ শিথিল করার পর গত সোমবার

জামা মসজিদটি খুলে দেয়া হয়েছিল। কিন্তু বৃহস্পতিবার আবার সেটি বন্ধ ঘোষণা করা হয়। সূত্র-যুগান্তর

দেশে করোনায় মৃত্যু ও শনাক্তের নতুন রেকর্ড

করোনাভাইরাসে আক্রান্ত হয়ে দেশে গত ২৪ ঘণ্টায় আরও ৪৬ জনের মৃত্যু হয়েছে। এ নিয়ে দেশে মোট ১ হাজার ৯৫ জন কোভিড রোগী মারা গেলেন।

এই সময়ে ৩ হাজার ৪৭১ জন শনাক্ত হয়েছেন। এ নিয়ে দেশে মোট শনাক্ত হলেন ৮১ হাজার ৫২৩ জন। দেশে একদিনে মৃত্যু ও আক্রান্তের সংখ্যার হিসাবে এটিই সর্বোচ্চ।

গত ২৪ ঘণ্টায় সুস্থ হয়েছেন ৫০২ জন এবং মোট সুস্থ হয়েছেন ১৭ হাজার ২৪৯ জন। শুক্রবার স্বাস্থ্য অধিদফতরের অতিরিক্ত মহাপরিচালক নাসিমা সুলতানা নিয়মিত ব্রিফিংয়ে জানান, গত ২৪ ঘণ্টায় ১৬ হাজার ৯৫০টি নমুনা সংগ্রহ করা হয়েছে। এর মধ্যে ১৫ হাজার ৯৯০টি নমুনা পরীক্ষা করে পরীক্ষা করে ৩ হাজার ৪৭১ জনের দেহে করোনা শনাক্ত হয়েছে। মোট আক্রান্ত ৮১ হাজার ৫২৩ জন। শনাক্তের হার ২১ দশমিক ৭১ শতাংশ।

তিনি জানান, গত ২৪ ঘণ্টায় সর্বোচ্চ ৪৬ জন মারা গেছেন। এর মধ্যে পুরুষ ৩৭ জন ও নারী ৯ জন। এ নিয়ে মোট মারা গেলেন ১ হাজার ৯৫ জন।

গত ২৪ ঘণ্টায় সুস্থ হয়েছেন ৫০২ জন এবং মোট সুস্থ হয়েছেন ১৭ হাজার ২৪৯ জন।

শনাক্ত বিবেচনায় সুস্থতার হার ২১ দশমিক ১৬ শতাংশ এবং মৃত্যুর হার ১ দশমিক ৩৪ শতাংশ।

ডা. নাসিমা জানান, বয়স বিশ্লেষণে ২১-৩০ বছরের মধ্যে একজন, ৩১-৪০ বছরের মধ্যে ৬ জন, ৪১-৪০ বছরের মধ্যে ৩ জন, ৫১-৬০ বছরের মধ্যে ১২ জন, ৬১-৭০ বছরের মধ্যে ১৫ জন, ৭১-৮০ বছরের মধ্যে ৭ জন, ৮১-৯০

বছরের মধ্যে একজন এবং ১০০ বছরের বেশি একজন মারা গেছেন।

তিনি আরও জানান, বিভাগভিত্তিক বিশ্লেষণে দেখা গেছে, ঢাকা বিভাগে ১৯ জন, চট্টগ্রামে ১১ জন, সিলেটে ৩ জন, রাজশাহীতে ২ জন, বরিশালে ৩ জন, রংপুরে ৫ জন, খুলনায় একজন এবং ময়মনসিংহে ২ জন মৃত্যুবরণ করেছেন। এর মধ্যে হাসপাতালে মারা গেছেন ৩২ ও বাসায় ১৪ জন মারা গেছেন।

প্রসঙ্গত গত বছরের ৩১ ডিসেম্বর চীনের হুবেই প্রদেশের উহান শহর থেকে প্রথম করোনাভাইরাস শনাক্ত হয়। দেশে প্রথম কোভিড-১৯ রোগীশনাক্ত হন ৮ মার্চ এবং এ রোগে আক্রান্ত প্রথম রোগীর মৃত্যু হয় ১৮ মার্চ।

২৫ মার্চ প্রথমবারের মতো রোগতত্ত্ব, রোগনিয়ন্ত্রণ ও গবেষণা ইনস্টিটিউট (আইইডিসিআর) জানায়, বাংলাদেশে সীমিত পরিসরে কমিউনিটি ট্রান্সমিশন বা সামাজিকভাবে করোনাভাইরাসের সংক্রমণ হচ্ছে।

এসএসসিতে ফেল করায় কুষ্টিয়ায় শিক্ষার্থীর আত্মহত্যা

কুষ্টিয়া প্রতিনিধিঃ কুষ্টিয়ার দৌলতপুরে পরীক্ষায় ফেল করায় সোনিয়া খাতুন (১৫) নামে এক এসএসসি পরীক্ষার্থী গলায় ফাঁস দিয়ে আত্মহত্যা করেছে। সোনিয়া খাতুন একই গ্রামের সাইফুল ইসলামের মেয়ে।

বৃহস্পতিবার (১১ জুন) সকালে উপজেলার মরিচা ইউনিয়নের বৈরাগীরচর গ্রামে এ ঘটনা ঘটে।সকালে তার মরদেহ উদ্ধার করেছে পুলিশ।

স্থানীয়রা জানায়, সোনিয়া খাতুন স্কুলের মেধাবী ছাত্রী হওয়া সত্বেও সে এসএসসি পরীক্ষায় এক বিষয়ে ফেল করেছে। এই ক্ষোভে ও অভিমানে আজ ভোররাতে নিজ ঘরে গলায় ফাঁস দিয়ে আত্মহত্যা করেছে। সকালে বাড়ির লোকজন ঘরে তার মরদেহ ঝুলতে দেখে প্রতিবেশী ও পুলিশকে খবর দেয়। খবর পেয়ে দৌলতপুর থানা পুলিশ নিহতের মরদেহ

উদ্ধার করলেও ময়নাতদন্ত ছাড়া সোনিয়া খাতুনের দাফন সম্পন্ন করা হয়।

এ ঘটনায় দৌলতপুর থানায় একটি অপমৃত্যু মামলা হয়েছে।

মেহেরপুরের মল্লিকপাড়ায় এক সেনা সদস্য করোনায় আক্রান্ত

মেহেরপুরের মল্লিকপাড়ায় এক সেনা সদস্য করোনায় আক্রান্ত হয়েছে। মেহেরপুরের সিভিল সার্জন ডা: মো: নাসির উদ্দীন জানান, আজ ১১ জুন করোনা সন্দেহে নমুনা পাঠানো হয়েছে ২১ টি (সদরে ১৩ গাংনীতে ৮)। ফলাফল এসেছে ৪২ টি, ১ টি পজেটিভ,(মল্লিকপাড়া)।

উল্লখ্য: মেহেরপুর জেলায় মোট করোনায় আক্রান্ত সর্বশেষ প্রাপ্ত হিসাব সর্বমোট নমুনা পাঠানো হয়েছে ১৫১২ টি, সর্বমোট ফলাফল এসেছে ১৩৬৯ টি, নেগেটিভ ১৩৩৬ টি, পজেটিভ ৩৩+১ = ৩৪ টি (মৃত্যু ২ সুস্হ ৮ বাঁকি ২৪ জন এখনো ভালো আছে)